গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শিক্ষা ও সামাজিক সেক্টর
শের-ই- বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):

ক. প্রকল্পের বিবরণীঃ

১.	প্রকল্পের নাম	:	"শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ ও হাসপাতাল স্থাপন (১ম সংশোধিত)'' শীর্ষক প্রকল্প
২.	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	স্বাস্থ্য অধিদপ্তর
৪.	প্রকল্পের অবস্থান	:	কিশোরগঞ্জ সদর উপজেলা।

৫. অনুমোদিত বাস্তবায়নকাল ও অনুমোদিত ব্যয় (লক্ষ টাকা)

অনুমোদনের পর্যায়	মেয়াদ	অনুমোদিত ব্যয়	হ্রাস/বৃদ্ধি		মন্তব্য
			(মূল ডিপিপির তুলনায়)	সর্বশেষ অনুমোদনের তুলনায়	
মূল অনুমোদিত	জুলাই, ২০১২ হতে জুন ২০১৫	৫৪৫৪৬.৮১	-		
১ম সংশোধন	জুলাই, ২০১২ হতে জুন ২০১৬*	৫৬৫৮৬.৬২	২০৩৯.৮১(৩.৭৪%)	২০৩৯.৮১ (৩.৭৪%)	-
২য় সংশোধন	-	-	-		
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	-	-	-		

***জুন ২০১৮ পর্যন্ত ২য় সংশোধনীতে প্রস্তাবিত।**

৬. **ক্রমপুঞ্জিত অগ্রগতি জুন ২০১৬ :** আর্থিক ৩১৪১৭.৫৩ লক্ষ টাকা (৫৫.৫২%)

৭. প্রকল্পের উদ্দেশ্যঃ

ক) চিকিৎসা শিক্ষার জন্য অবকাঠামো গড়ে তোলা;
খ) ক্রমবর্ধমান জনসংখ্যার সাথে সামঞ্জস্য রেখে আনুপাতিক হারে অধিক সংখ্যক চিকিৎসক তৈরী করা;
গ) রাজধানী থেকে মেডিকেল ছাত্র/ছাত্রীদের চাপ হ্রাস করা;
ঘ) চিকিৎসা শিক্ষার ক্রমবর্ধমান চাহিদা পূরণ করা;
ঙ) মেডিকেল কলেজের শিক্ষার্থীদের ব্যবহারিক ও ক্লিনিক্যাল জ্ঞান লাভের জন্য একটি হাসপাতাল তৈরী করা ;
চ) কিশোরগঞ্জ এবং এর আশপাশের জেলার জনগণকে আধুনিক চিকিৎসা সেবা প্রদান করা ;
ছ) আধুনিক চিকিৎসা সুবিধাদি প্রদানের মাধ্যমে স্বাস্থ্য সেবার মান উন্নয়ন করা;
জ) বিশেষ সেবা প্রদানের মাধ্যমে অল্প খরচে উন্নত সেবা প্রদান করা;
ঝ) শিশু ও মাতৃ মৃত্যু হার হ্রাস করা ;
ঞ) জনজীবনের মানুষের গড় আয়ু বৃদ্ধি করা;এবং
ট) ডাক্তার ও অন্যান্য পেশাজীবিদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

৮. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহঃ

- হাসপাতাল ভবন নির্মাণ (১০ তলা ফাউন্ডেশনে ৫ তলা ভবন)
- একাডেমিক ভবন নির্মাণ (৮ তলা ফাউন্ডেশনে ৫ তলা ভবন)
- পুরুষ ছাত্রদের জন্য আবাসিক হোস্টেল নির্মাণ (৬ তলা ফাউন্ডেশনে ৫ তলা ভবন)
- ছাত্রীদের জন্য আবাসিক হোস্টেল নির্মাণ (৬ তলা ফাউন্ডেশনে ৫ তলা ভবন)
- পুরুষ ইন্টার্নী ডক্টরদের জন্য ডরমিটরি নির্মাণ (৬ তলা ফাউন্ডেশনে ৫ তলা ভবন)
- মহিলা ইন্টার্নী ডক্টরদের জন্য ডরমিটরি নির্মাণ (৬ তলা ফাউন্ডেশনে ৫ তলা ভবন)
- আবাসিক ভবন (কলেজ) ১৮০০ ও ১৫০০ ব:ফু: (৬ তলা ফাউন্ডেশনে ৫ তলা ভবন)
- স্টাফ নার্সেস ডরমেটরী (৬ তলা ফাউন্ডেশনে ৫ তলা ভবন)
- সাব-স্টেশন, পাম্প হাউজ ও জেনারেটর (২টি)
- গভীর নলকূপ স্থাপন

খ. পরামর্শকের কার্যপরিধি (TOR) :

৯.০ পরামর্শকের দায়িত্ব:

৯.১ প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল, ডিপিপি অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ, বরাদ্দ অনুযায়ী ব্যয়সহ প্রাসংগিক সকল তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৯.২ প্রকল্পের সামগ্রীক ও অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির বাস্তব ও আর্থিক তথ্য সংগ্রহ, সারণি/ লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও বিশ্লেষণ;

৯.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের পথে অগ্রগতি পর্যবেক্ষণ ও প র্যালোচনা এবং ফলপ্রসূ করার জন্য গৃহীত কার্যাবলী প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা পর্যালোচনা ও মতামত প্রদান;

৯.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য ও সেবা পরিচালনা এবং প্রয়োজনীয় জনবলসহ আনুষ্ঠানিক বিষয়াদি নিয়ে পর্যালোচনা/পর্যবেক্ষণ;

৯.৬ প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যাবলী যেমন: অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনার মান এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধিসহ বিভিন্ন দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৯.৭ দরপত্রে উল্লিখিত Specification/BOQ/TOR, গুনগত মান, পরিমাণ ঠিক রেখে যথাযথ প্রক্রিয়ায় পণ্য /সেবা/কার্য ক্রয় করা হচ্ছে কি না পর্যালোচনা করা এবং বার্ষিক ক্রয় পরিকল্পান মোতাবেক লক্ষ্যমাত্রা ও অর্জন পর্যালোচনা করা;

৯.৮ প্রকল্পের আওতায় সম্পাদিত ভৌত কাজ এবং ক্রয়কৃত মেডিকেল যন্ত্রপাতির গুনগত মান যাচাই করা এবং প্রকল্পের উদ্দেশ্য অর্জনে স্থাপনা ও যন্ত্রপাতির ব্যবহার পর্যালোচনা করা;

৯.৯ প্রকল্পের সবল দিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ এবং দুর্বলতা ও চ্যালেঞ্জ মোকাবেলায় যথোপযুক্ত সুপারিশ প্রণয়ন;

৯.১০ প্রকল্পের সম্ভাব্য exit plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান;

৯.১১ পর্যবেক্ষণের আলোকে সুপারিশ প্রণয়ন; এবং

৯.১২ ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক নির্ধারিত প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

১০. পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা

ক্রমিক	পরামর্শকের ধরণ	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	পরামর্শক	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর/এমবিবিএস/বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। উচ্চতর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে।	• প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন বিশেষ করে সরকারী খাতে প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত কাজে ন্যূনতম ১০(দশ) বছরের অভিজ্ঞতাসম্পন্ন। • সমজাতীয় কাজে অভিজ্ঞতার ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে। • প্রতিবেদন উপস্থাপনায় বিশেষ দক্ষতা থাকতে হবে।

১১. পরামর্শক কর্তৃক নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে

ক্রমিক	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
১.	ইনসেপশন প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
২.	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে
৩.	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে
৪.	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ৪০ কপি ও ইংরেজীতে ২০ কপি)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে

১২. **ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়ঃ**

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ইত্যাদি।